মেহেরপুর হেরোইন ও দেশি অস্ত্রসহ দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ১২ গ্রাম হেরোইন ও দেশি অস্ত্রসহ দুই মাদক ব্যবসায়ী আটকে আটক করেছে ডিবি পুলিশ। এস অজয় কুমার কুন্ডু ও এস আই মাহাতাব এর নেতৃত্বে অভিযান চালিয়ে শুক্রবার সকালে সদর উপজেলার গোভিপুর গ্রামের মাঠ থেকে তাদের আটক করা হয়। আটককৃতরা হলো মেহেরপুর শহরের মুখার্জিপাড়ার নুরুল ইসলামের ছেলে মাসুদ পারভেজ(৩৫), হালদারপাড়ার আরশেদ আলী কবিরের ছেলে সেলিম রেজা নান্টু(৩০)।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, মেহেরপুর সদর উপজেলার গোভিপুর মাঠস্ত এলাকা থেকে হেরোইন ও দেশি অস্ত্রসহ তাদের আটক করা হয়। এসময় একটি মোটরসাইকেলও জব্দ করা হয়েছে। আটক মাসুদ পারভেজ এর বিরুদ্ধে আদালতে ৪টি মাদকের মামলা ও সেলিম এর বিরুদ্ধে ১টি মাদকের মামলা বিচারাধীন রয়েছে। একই সাথে শুক্রবারের ঘটনায় আরও একটি মাদক নিয়ন্ত্রণ আইনে সদর থানায় একটি মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

গাংনীতে মসজিদের মাইকসহ ৩ চোর আটক

মেহেরপুরের গাংনীতে মসজিদের মাইকের ইউনিট সহ তিন চোরকে আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার দুপুর ২ টায় বামুন্দী জেদ্দা ইটভাটা এলাকা থেকে মাইকের ৫টি ইউনিট চুরির অপরাধে তাদের আটক করা হয়। আটককৃতরা হলেন,বামুন্দী নিশিপুর গ্রামের বিনারুলের ছেলে আকাশ ইসলাম (২১),একই পাড়ার মতিয়ার রহমানের ছেলে সৌখিন ইসলাম (২৩) ও বালিয়াঘাট ফুটানি বাজার পাড়ার মিনারুলের ছেলে শাকিল হোসেন (২৪)।

বামন্দী বাজারের মসজিদের মুয়াজ্জিন মো: রিয়াজুল ইসলাম

জানান,ভোরে ফজরের আজান দিতে মসজিদে যায়। মসজিদে যাওয়ার পর মাইক্রোফোন হাতে নেওয়ার কোন শব্দ না হওয়ায় বাইরে বের হয়ে দেখি মাইকের ঢোপ পড়ে আছে কিন্তু ইউনিট নেই বিষয়টি মসজিদ কমিটিকে অবগত করা হয়।

মসজিদ কমিটির সাধারন সম্পাদক রাশিদুল ইসলাম সোহাগ বলেন,চুরির বিষয়টা সংবাদ পেয়ে বিভিন্ন স্থানে সন্ধান করি। পরে জানতে পারি জেদ্দা ইটভাটার কাছ থেকে ৫টি ইউনিট উদ্ধার ও ৩জনকে আটক করেছে পুলিশ। এ ঘটনায় তিনি বাদী হয়ে মামলা করেছেন।

আনসার ভিডিপির বামুন্দী ইউপি দলনেতা ফজলুল হক জানান,জেদ্দা ইটভাটার কাছে আকাশ নামের এক ছেলে একটি ব্যাগ নিয়ে টানাটানি করছে। বিষয়টি সন্দেহ হলে ব্যাগ খুলে ৫টি মাইকের ইউনিট দেখতে পেয়ে বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই হেলাল ও এস আই ইলিয়াস হোসেকে জানালে দ্রত তারা ঘটনাস্থলে পৌছে তাকে আটক করে।

বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই হেলাল ও এস আই ইলিয়াস হোসেন জানান, মসজিদের মাইকের ইউনিট চুরির বিষয়টি ভোরে শোনার পর থেকে চোর সনাক্ত ও ইউনিট উদ্ধারে জন্য বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করা হয়। এসময় জেদ্দা ইটভাটার কাছে ইউনিট সহ চোর রয়েছে এমন সংবাদ পেয়ে তাদের আটক করে ইউনিট উদ্ধার করা হয়। পরে আকাশের মাধ্যমে তার দুজন সহযোগিকেও আটক করা হয়।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান,বামন্দী বাজারের একটি মসজিদের মাইকের ইউনিট চুরির ঘটনায় ৩জনকে আটক করা হয়েছে। এ ঘটনার সাথে অন্যকেউ জড়িত রয়েছে কিনা তা তদন্ত করা হচ্ছে।

দেলোয়ার হোসেন মিঠুকে শোকজ করেছে দল

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দলীয় পরিচয় দিয়ে চিকিৎসককে লাঞ্চিত করার ঘটনায় উপজেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম আহবায়ক দেলোয়ার হোসেনকে শোকজ করেছে জেলা কমিটি।

জেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল এনাম বকুল গতকাল বৃহস্পতিবার রাতে মেহেরপুর প্রতিদিনকে এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, দলীয় শৃঙ্খলা ভঙ্গ করায় তাকে এ শোকজ করা হয়েছে। সমিচিন জবাব না পেলে চুড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। বিষয়টি কেন্দ্রীয় কমিটিকেও জানানো হয়েছে।

তিনি আরো বলেন, মিঠু তার ফেসবুকে হাসপাতালের যে ভিডিও সে আপলোড করেছে সেখানে তার আচরণ একজন রাজনৈতিক নেতার বিরুদ্ধে যায়। যেটা সে মোটেও ঠিক করেনি। তাছাড়া দল ভাঙিয়ে কেউ ব্যবসা করতে পারবে না বা ক্ষমতা তৈরি করতে পারবে না।

এদিকে নাম প্রকাশে অনিচ্ছিুক দলীয় দুই শীর্ষ নেতা মেহেরপুর প্রতিদিনকে বলেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেদিন মিংমাংসা সভায় মিঠু নিজেকে স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক হিসেবে পরিচয় দিয়েছেন। সবসময় মিঠু ক্ষমতা দেখিয়ে মানুষজনকে হয়রানি করছেন। তারা আরো বলেন, একবছর আগে তাকে দলের রাজনৈতিক কর্মকাণ্ড গতিশীল করার জন্য তাকে উপজেলা কমিটির যুগ্ম আহবায়ক হিসেবে অন্তর্ভুক্ত করা হয়। অথচ এক বছর পার না হতেই মিঠু ওই পদ ভাঙিয়ে ব্যবসা করাসহ সাধারণ মানুষকে হয়রানি করে নানাভাবে ভয়ভীতি দেখায়।

প্রসঙ্গত, সোমবার সাহারবাটি গ্রামের দিনমজুর শুকুর আলী চিকিৎসার জন্য আসেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে। কাউন্টার থেকে টিকিট সংগ্রহ করে স্যাকমো তানভিরের কাছে সমস্যার কথা জানান শুকুর আলী। হাসপাতালে পরীক্ষা-নিরীক্ষার সুযোগ থাকলেও স্যাকমো তানভির ৬টি টেস্ট দেন। এইচ এম ডায়াগনস্টিক সেন্টারের মালিক দেলোয়ার হোসেন মিঠু ওই ঘটনায় হাসপাতালে গিয়ে স্যাকমো চিকিৎসক এস এম তানভিরকে লাঞ্ছিত করেন।

নাতিকে না পেয়ে দাদাকে আটক করার অভিযোগ

দাবিকৃত টাকা না পেয়ে মাদক ব্যবসায়ীর পরিবর্তে বয়োবৃদ্ধ দাদাকে আটক করেছে মেহেরপুর মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি

অভিযান দল। ৩৫ বোতল ফেনসিডিল উদ্ধারের মামলার আসামী হিসেবে মিল শ্রমিক বয়োবৃদ্ধ আব্দুল খালেককে (৭০) গাংনী থানায় সোপর্দ করা হয়েছে। পরিবারের উর্পাজনক্ষম ব্যক্তি হাজতবাসে থাকায় চোখের পানি ছাড়া আর কোন অবলম্বন নেই আব্দুল খালেকের স্ত্রী পঙ্গুপ্রায় তহমিনা খাতুনের।

তহমিনা খাতুনের অভিযোগ, তার নাতি মাহফুজকে খুঁজতে গিয়ে গত বুধবার মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল তার বাড়িতে অভিযান চালায়। এসময় ফেনসিডিল উদ্ধার করা হয়েছে দাবি করে মাহফুজের দাদা আব্দুল খালেককে আটক করেন তারা।
যাওয়ার সময় অভিযান দলের ইকরামুল নামের এক ব্যক্তি মোটা অংকের টাকার বিনিময়ে আব্দুল খালেককে ছেড়ে দেওয়ার কথা বলে। দিন মজুর খালেকের পরিবারের পক্ষে টাকা জোগাড় করা সম্ভব হয়নি। তাকে মামলাসহ গাংনী থানায় সোপর্দ করেছে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান দল। এ ঘটনার সুষ্ঠু তদন্ত পুর্বক দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন তিনি।
স্থানীয় সুত্রে জানা গেছে, মাহফুজ চিহ্নিত মাদক ব্যবসায়ী। তবে তার সাথে তার দাদার সম্পর্ক নেই। দাদা দিন মজুর আব্দুল খালেক স্থানীয় একটি মিলে কাজ করে স্ত্রীকে নিয়ে আলাদা জীবন যাপন করেন। মাহফুজের দোষ দাদার উপরে দেওয়ার বিষয়ে এলাকায় বিরাজ করছে ক্ষোভ।
মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মেহেরপুরের পরিদর্শক শাহ জালালের দায়ের করা মামলার এজাহারে বলা হয়েছে, গোপন সংবাদের ভিত্তিতে মঙ্গলবার দুপুরে পৌনে একটার দিকে গাংনী উপজেলার তেরাইল গ্রামে অভিযান চালানো হয় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও গাংনী থানা পুলিশের একটি দলের সমন্বয়ে। মাহফুজ পলাতক থাকায় তার। এসময় দাদা আব্দুল খালেককে গ্রেফতার পুর্বক জিজ্ঞাসাবাদে তার দেখানো মতে ৩৫ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। মামলায় আব্দুল খালেকের নাতি মাহফজুকে এক নং আসামি ও খালেককে ২নং আসামি করেছেন শাহ জালাল। ভুক্তভোগী পরিবারের পক্ষে বয়োবৃদ্ধ দিনমজুর আব্দুল খালেকের স্ত্রী বলেন, অভিযানের লোকজন কি পেয়েছে তা কাউকে দেখাইনি। এ বিষয়ে তো আমার স্বামী জড়িত না। শারীরিকভাবে অক্ষম হলেও শুধুমাত্র অভাবের তাড়নায় তিনি বাড়ির পাশে একটি মিলে শ্রমিকের কাজ করেন। আমি প্যারালাইসড হয়ে বিছানায় পড়ে আছি। শুধুমাত্র টাকা দিতে পারিনি বিধায় আমার স্বামীকে চালান দেওয়া হয়েছে।
তিনি আরো বলেন, মাহফুজের স্ত্রী রুম্পা খাতুনকে গাড়িতে উঠানোর চেষ্টা করা হলে আমার বৃদ্ধ স্বামী বাধা প্রদান করে বলেন, স্যার

মেয়ে মানুষ আমার বাড়ির ইজ্জত। তাছাড়া মাহফুজের বিষয়ে রুম্পা কিছুই জানেনা। তাকে রেখে যেতে অনুরোধ করাই আমার স্বামীকে নিয়ে গেছে।
অভিযান কালীন সময়ে ওই দলটি সাদা কাগজে কয়েকজনের স্বাক্ষর করিয়ে নেয়। তার মধ্যে স্থানীয় সাবেক ইউপি সদস্য আমজাদ আলীর ছেলে তোহিদুল ইসলাম ও পলাতক মাহফুজের স্ত্রী রয়েছেন।
তোহিদুল ইসলাম ও মাহফুজের স্ত্রী রুম্পা খাতুন বলেন, ফেনসিডিল উদ্ধার যেখান থেকে হয়েছে সেটি আমাদেরকে দেখানো হয়নি। পরে বলা হয় বস্তায় ফেনসিডিল আছে স্বাক্ষর করেন। সাদা কাগজের কয়েকটি পৃষ্টায় স্বাক্ষর করিয়ে তারা চলে যায়।
রুম্পা খাতুন অভিযোগ করেন, ৫০ হাজার টাকা দিলে আব্দুল খালেককে ছেড়ে দেওয়া হবে বলে তাদের মধ্য থেকে একজন আমাদের জানিয়ে চলে যায়। আমরা বিভিন্ন ব্যক্তির কাছে টাকা ধার চেয়েও পাইনি তাই তাকে ছাড়াতে পারিনি।
অভিযোগের বিষয়ে জানতে চেয়ে মাদক মামলার বাদি মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক শাহ জালাল জানান, আমি আব্দুল খালেকের বাড়ি থেকে ফেনসিডিল পেয়েছি। পলাতক মাহফুজকে সহযোগীতা করে তার দাদা, তাই তাকে আটক করা হয়।
তবে বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়ার আশ^◌াস দিলেন মেহেরপুর মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহাকারি পরিচালক শরীয়তুল্লাহ। তিনি বলেন, ঘটনাটির প্রয়োজনীয় তদন্ত করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

গাংনীতে ১৬টি বাঁধ অপসারণ, দু’জনের অর্থদণ্ড

মেহেরপুরের গাংনী উপজেলার গোপাল নগর গ্রামে অবৈধ বাধ দিয়ে মাছ শিকার করায় দুইজনকে অর্থদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। সেই সাথে ১৬টি বাঁধ অপসারণ করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে সহকারি কমিশনার (ভুমি) গাংনী উপজেলা ভুমি কর্মকর্তা নুর-ই- আলম সিদ্দিকী এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা

করেন। দন্ডিতদের কাছ থেকে ৬ হাজার টাকা আদায় করা হয়েছে। এরা হচ্ছেন গোপাল নগর গ্রামের আব্দুল হান্নানের ছেলে আব্দুল হালিম
(২৭) ও আবুল কালামের ছেলে বদিউজ্জামান (৪৫)।

ভ্রাম্যমাণ আদালত জানায়, দন্ডিতরা বেশকিছুদিন যাবৎ ওই খালে ১৬ টি স্থানে বাঁধ দিয়ে মাছ শিকার করায় জলাবদ্ধতা সৃষ্টি হয়ে কয়েক শত বিঘা জমির ফসল পানিতে তলিয়ে যাচ্ছিল এমন অভিযোগে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট নুর-ই-আলম সিদ্দিকী অভিযান চালান। এসময় বাঁধ মালিকরা তাদের দোষ স্বীকার করলে মৎস সংরক্ষণ আইন ১৯৫০ এর ৩ ধারায় উভয়কে ৬ হাজার টাকা দন্ড প্রদান করেন।

উল্লেখ্য, সম্প্রতি ভারি বর্ষনের ফলে গোপালনগর ও চেংগাড়া মাঠের নিচু জমিতে জলাবদ্ধতার সৃষ্টি হয়। ফসলহানি হয় কয়েকশ বিঘা জমির। স্থানীয়রা সমস্যা তুলে ধরে উপজেলা প্রশাসনকে জানালে উপজেলা প্রশাসন বাঁধ অপসারনের উদ্যোগ গ্রহন করেন। এ সময় মৎস সম্প্রসারণ অধিদপ্তরের প্রীতম চৌধুরী। গাংনী থানা পুলিশর একটি টিম সহ স্থানীয় ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ভারী বর্ষনে হাজার হাজার হেক্টর ফসল পানির নিচে

মেহেরপুরে দফায় দফায় ভারি বর্ষণে হাজার হাজার হেক্টর ফসল পানির নিচে তলিয়ে গেছে। গত কয়েক দিনে বন্যা পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হলেও পুনরায় অতি বৃষ্টির কারনে বেড়েছে পানি। পানি নিষ্কাশনের সুব্যবস্থা না থাকায় নষ্ট হচ্ছে জমির ফসল। চলতি মৌসুমে মেহেরপুরে প্রায় ৮ হাজার হেক্টর জমির ফসল বিনষ্ট হয়েছে। এতে প্রায় ২০ হাজার কৃষক ক্ষতিগ্রস্থ হয়েছেন। তবে পানি বৃদ্ধি না পেলে আমন ধানের জন্য উপকার হবে বলে জানিয়েছে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

যদিও স্থানীয় হিসেবে এর পরিমান আরও বেশি। ক্ষতিগ্রস্তের মধ্যে ধান, সবজি ও রবিশষ্যের জমির পরিমান বেশি। এর মধ্যে ফরিদপুরের অন্যতম ফসল কলা ও আগাম বাঁধাকপি রয়েছে। সদর উপজেলার বুড়িপোতা,

পিরোজপুর, আমদহ, মুজিবনগর উপজেলার দারিয়াপুর, মোনাখালি ও বাগোয়ান, গাংনী উপজেলার সাহারবাটি, কাজিপুর ইউনিয়নে ক্ষতি হয়েছে সব থেকে বেশি। অপেক্ষকৃত নিচু এলাকা ও ভারতীয় পানিতে ডুবছে বলে জানিয়েছে এলাকাবাসি।

গাংনীতে সম্প্রতি মেহেরপুর-২ আসনের সাংসদ সাহিদুজ্জামান খোকন এর উদ্যোগে বিভিন্ন বাঁধ অপসারণ করে পানি নিষ্কাশনের ব্যবস্থা করা হলেও খুব একটা লাভ হয়নি চাষিদের।

সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের কামদেবপুর গ্রাম দিয়ে মাঠের ভিতর ঢুকছে ভারতীয় জলাঙ্গী নদীর পানি। একদিকে ভারতীয় পানির চাপ অন্যদিকে ভারি বৃষ্টি এতে মাস খানেক ধরে পানির নিচে তলিয়ে আছে কয়েক হাজার হেক্টর ফসল। এর মধ্যে আছে ধান, কলা, কচু, মরিচ, বাঁধাকপি সহ বিভিন্ন ধরনের সবজি।

ইউনিয়নের হরিরামপুর ও চুঁচুখোলা বিলের পানি বৃদ্ধি ও ভৈরব নদের পানি কানায় কানায় পরিপূর্ণ হওয়ায় মাঠের পানি বের হওয়ার কোন রাস্তা নেই। ফলে পানির নিচে থেকেই নষ্ট হচ্ছে জমির ফসল। এদিকে ফসল নষ্ট হওয়ায় সবজির দাম বেড়েছে দ্বিগুন।
সম্প্রতি মেহেরপুরের এক আসনের সাংসদ ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন মেহেরপুরের একটি অনুষ্ঠানে বলেন, দারিয়াপুর ও বুড়িপোতা ইউনিয়নের মাঠের ভিতর দিয়ে যে বিলটি আছে সেটি পুন:খনন করা হবে। যাতে করে বন্যায় ফসলের কোন ক্ষতি না হয়। খাল খনন দ্রুত বাস্তবায়নের দাবি জানিয়েছে ক্ষতিগ্রস্ত চাষিরা।

ইদ্রিস, আহম্মদ আলী, রুহুল আমীন, আলমগীর সহ বেশ কয়েকজন চাষি জানান, এ বছর বৃষ্টির চাপ বেশি। অন্যান্য বছরে বর্ষার সময় ফসল ডুলেও অল্প দিনের মধ্যেই সেটি আবার জেগে যেতো। কিন্তু ভারতীয় পানি ও অতি বৃষ্টিতে এবার পানি বের হচ্ছে না। মাঝে একটু স্বাভাবিক হলেও গত কয়েকদিনের বৃষ্টিতে আবারও পানির নিচে চলে গেছে ফসল।
শাহিন রেজা নামের এক মৎস চাষি জানান, প্রায় দুই লক্ষ টাকার মাছ পানিতে ভেসে গেছে। পুকুরে বাঁধ দেওয়া থাকলেও গত সোমবারের ভারি বর্ষনে বাঁধ ভেঙে গেছে।
সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়াম্যান শাহজামান চৌধুরী বলেন, আমরা ইউনিয়নের একদিকে ভারত বেষ্টিত। ভারতীয় জলঙ্গী ও সীমানা সংলগ্ন মরগাঙ্গী খালের পানিতে নষ্ট হচ্ছে ফসল। প্রতি বছর বর্ষা মৌসুমে প্রায় ১৭ ভাগ ফসলের ক্ষতি হচ্ছে। বিষষটি

জনপ্রশাসন প্রতিমন্ত্রী মেহেরপুর ১ আসনে সংসদ সদস্য ফরহাদ হোসেন কে জানানো হয়েছে। তিনি আশ^◌াস দিয়েছেন পনি উন্নয়ন বোর্ডের সাথে আলোচনা করে এ বছরেই পানি নিষ্কাশনের সু ব্যবস্থা করা হবে। মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক স্বপন কুমার খাঁ বলেন, এ বছর সারা দেশেই বন্যার প্রকোপ বেশি। সে তুলনায় মেহেরপুরের অবস্থা মোটামুটি ভালো। তারপরও আমরা ক্ষতিগ্রস্থ চাষিদের তালিকা তৈরি করে পাঠিয়েছি। ক্ষতি পুসিয়ে নিতে সরকারি ঘোষনা মোতাবেক সহজ শর্তে লোন সুবিধা পাই সেজন্য সহযোগীতা করা হচ্ছে।

মেহেরপুরে ফেন্সিডিলসহ তিন মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ৬০ বোতল ফেন্সিডিলসহ তিন মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে বুধবার দিবাগত রাতে গাংনী উপজেলার কাজিপুর মুন্সিপাড়া থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো, কুষ্টিয়া দৌলতপুর উপজেলার লাউবাড়িয়া সাহেবপুর গ্রামের ফইমদ্দীন মোল্লার ছেলে আব্দুল গনি(৪৫), একই গ্রামের মৃত কাবরান আলীর ছেলে মোহাম্মদ আব্দুল্লাহ(৩০), মৃত আজিমুল্লাহর ছেলে আব্দুল হামিদ(৫৩)।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তিন মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। কাজিপুর সীমান্ত দিয়ে অভিনব কৌশলে ভারতীয় অবৈধ ফেন্সিডিল বহন করছিল তারা। মাদক নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।
মেপ্র/এমএফআর

গাংনী হাসপাতালে দালাল ঠেকাতে কর্তৃপক্ষের তৎপরতা

মেহেরপুর গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সাম্প্রতিক সময়ে দালালদের তৎপরতা ও রোগীর টেস্ট করানো নিয়ে কঠোর অবস্থানের সিদ্ধান্ত নিতে যাচ্ছে স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষ। দালাল রুখতে নির্বাহী ম্যাজিস্ট্রেট এবং পুলিশ বিভাগে লিখিত আবেদন করা হয়েছে। অপরদিকে চিকিৎসক, স্যাকমো, এমআরদের জন্য নতুন নির্দেশনা দেয়া হয়েছে।

অভিযোগ রয়েছে, গাংনীর চিহ্নিত কয়েকটি ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিক তাদের দালাল নিয়োজিত রেখেছে স্বাস্থ্য কমপ্লেক্সে। তারা প্রতিনিয়ত রোগীদেরকে তাদের স্ব স্ব প্রতিষ্ঠানে নিয়ে টেস্ট করায়।

স্বাস্থ্য কমপ্লেক্সেও কর্মরত কয়েকজনের বিরুদ্ধে দালালদের সহায়তায় সম্পৃক্ততার অভিযোগ রয়েছে। ফলে দালালদের অপতৎপরতা ঠেকাতে কঠোর অবস্থান নিয়েছে কর্তৃপক্ষ। তাদেরকে গ্রেপ্তার ও ভ্রাম্যমাণ আদালতে সাজা নিশ্চিত করণের জন্য ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও গাংনী থানায় লিখিতভাবে জানিয়েছেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ এম রিয়াজুল আলম।

এদিকে গাংনী হাসপাতালে চিকিৎসক, স্যাকমো, ফার্মাসিস্ট ও এমআরদের বিষয়ে জারিকৃত নির্দেশনায় বলা হয়েছে, সরকারি সরবরাহ নেই এমন কোন ওষুধ চিকিৎসা ব্যবস্থাপত্রে লেখা যাবে না। অফিস চলাকালিন সময়ে হাসপাতালে হয় এমন কোন টেস্ট করানোর জন্য রোগিকে বাইরে পাঠানো যাবে না। বাইরে করাতে হলে তা অত্যন্ত প্রয়োজনীয় ও যৌক্তিকভাবে করা যাবে। টিকিট ছাড়া কোন ওষুধ হাসপাতাল ফার্মেসী থেকে নেওয়া যাবে না এবং কর্মকর্তা-কর্মচারীদের ক্ষেত্রে অবশ্যই টিকিট কাটতে হবে।

অপরদিকে ওষধ বিপণন কর্মকর্তাদের (এমআর) জন্য নির্দেশিকায় বলা হয়েছে, শুধুমাত্র বৃহস্পতিবার দুপুর ১২টা থেকে ২টা পর্যন্ত চিকিৎসকদের সাথে এমআরগন সাক্ষাত করতে পারবেন। এ সময়ের বাইরে তারা

হাসপাতালে অবস্থান করতে পারবে না। এমআররা কোন প্রেসক্রিপশনের ছবি তুলতে পারবেন না।

কোন ওষুধ কোম্পানির প্রডাক্ট প্রমোশনের অনুষ্ঠান আয়োজন করতে চাইলে প্রতিষ্ঠান প্রধানের সঙ্গে আলোচনা ও অনুমতি নিতে হবে কিন্তু কোন অর্থ লেনদেন করতে পারবে না এবং বিষয়টি সিভিল সার্জনকে অবহিত করতে হবে।

এ বিষয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ এম রিয়াজুল আলম বলেন, নির্দেশনার বিষয়টি কঠোরভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ঠদের বলা হয়েছে।

অপরদিকে অন্যান্য যে বিষয়গুলো রয়েছে তাও কঠোরতার সাথে দেখা হচ্ছে। মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষের যা যা করণীয় সে বিষয়ে কোন প্রকার ছাড় দেওয়া হবে না বলেও উল্লেখ করেন তিনি।

গাংনীতে আলোর পথে যুব উন্নয়ন সংস্থার বৃক্ষ রোপন কর্মসূচি

মুজিবশত বর্ষে আলোর পথে যুব সংঘের বৃক্ষরোপণ কর্মসূচি পালিত।

গতকাল বুধবার বিকাল ৫টায় মেহেরপুর গাংনীর উপজেলার চেংগাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে বনজ, ফলজ ও ঔষধি গাছের চারা রোপন করে।

পরিবেশের ভারসাম্য রক্ষায় গাছের চারা বিতরণ করা হচ্ছে বলে জানালেন স্বেচ্ছাসেবী সংগঠন প্রধান এহসান কবির সবুজ।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, মেহেরপুর যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক ফিরোজ আহমেদ। সংস্থাটির প্রধান এহসান কবির সবুজের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন, গাংনী উপজেলা যুব উন্নয়নের ক্রেডিট অফিসার মোস্তাফিজুর রহমান, সহকারী উপজেলা কর্মকর্তা আবুল কালাম আজাদ, চেংগাড়া প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি শাহিন, আলোর পথে যুব উন্নয়ন সংস্থার সাধারণ সম্পাদক উমি খাতুন, সদস্য

সাহাবুল, পরি, রাব্বি প্রমুখ।

মুজিবনগরে রামনগর ফুটবল টুর্নামেন্টে নাজিরাকোনা একাদশ জয়ী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার রামনগর জনকল্যান যুব সমিতির উদ্যোগে রামনগর ফুটবল খেলার মাঠে অনুষ্ঠিত রামনগর ফুটবল টুর্নামেন্টে ৫ম তম খেলায় নাজিরাকোন একাদশ জয়লাভ করেছে।

গতকাল বুধবার বিকেলে অনুষ্ঠিত খেলায় নাজিরাকোনা একাদশ ২-১ গোলে রতনপুর একাদশকে পরাজিত করে।

বিজয় দলের পক্ষে দলীয় ৭ নং জার্সি পরিহিত সোহাগ ১ গোল এবং ১০ নং জার্সি পরিহিত শাকিল ১টি গোল করেন এবং বিজিত দলের লিংকন ১ টি গোল পরিশোধ করেন।বিজয়ী দলের গোলকিপার ম্যান অফ দা ম্যাচ নির্বাচিত হন।

এ সময় খেলা পরিচালনা কমিটির সভাপতি মোনাজাত মোল্লা, সহ সভাপতি আজিবার রহমান, সাধারণ সম্পাদক কৌশিকুল ইসলাম রুমি যুগ্ন সম্পাদক রবিউল ইসলাম, ক্রীড়া সম্পাদক হেলাল উদ্দীন, অর্থ সম্পাদক দেলোয়ার হোসেন, সহ কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

খেলাটি পরিচালনা করেন বাফুফের তৃতীয় শ্রেণীর রেফারি সোহেল রানা সহকারি হিসাবে ছিলেন রাসেল এবং জাহাঙ্গীর। ধারা ভাষ্যকার হিসাবে ছিলেন শামিম শিশির।

আগামী বৃহস্পতিবার খেলায় ফারুক লাইব্রেরি এন্ড বল্লভপুর মর্নিং একাদশ বনাম যতারপুর একাদশের খেলা অনুষ্ঠিত হবে।